

সহীহ মুসলিম (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নম্বরঃ ৪৫৮৬

৩৪/ রাষ্ট্রস্বত্ব ও প্রশাসন (كتاب الإمارة)

পরিচ্ছেদঃ ৭. কর্মচারীদের উপটোকন গ্রহণ হারাম

باب تحريم هدايا العمال

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، وَعَمْرُو النَّاقِدُ، وَابْنُ أَبِي عُمَرَ، - وَاللَّفْظُ لِأَبِي بَكْرٍ - قَالُوا حَدَّثَنَا سُفْيَانُ بْنُ عُيَيْنَةَ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ عُرْوَةَ، عَنْ أَبِي حُمَيْدٍ السَّاعِدِيِّ، قَالَ اسْتَعْمَلَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ رَجُلًا مِنَ الْأَسَدِ يُقَالُ لَهُ ابْنُ اللَّتْبِيَةِ - قَالَ عَمْرُو وَابْنُ أَبِي عُمَرَ عَلَى الصَّدَقَةِ - فَلَمَّا قَدِمَ قَالَ هَذَا لَكُمْ وَهَذَا لِي أُهْدِيَ لِي قَالَ فَقَامَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ عَلَى الْمَنْبَرِ فَحَمِدَ اللَّهَ وَأَثْنَى عَلَيْهِ وَقَالَ " مَا بَالُ عَامِلٍ أُبْعِثُ فَيَقُولُ هَذَا لَكُمْ وَهَذَا أُهْدِيَ لِي . أَفَلَا قَعَدَ فِي بَيْتِ أَبِيهِ أَوْ فِي بَيْتِ أُمِّهِ حَتَّى يَنْظُرَ أَيُّهُدَى إِلَيْهِ أَمْ لَا وَالَّذِي نَفْسُ مُحَمَّدٍ بِيَدِهِ لَا يَنَالُ أَحَدٌ مِنْكُمْ مِنْهَا شَيْئًا إِلَّا جَاءَ بِهِ يَوْمَ الْقِيَامَةِ يَحْمِلُهُ عَلَى عُنُقِهِ بَعِيرٌ لَهُ رُغَاءٌ أَوْ بَقَرَةٌ لَهَا خُورٌ أَوْ شَاةٌ تَيْعَرُ " . ثُمَّ رَفَعَ يَدَيْهِ حَتَّى رَأَيْنَا عُفْرَتِي إِبْطِيهِ ثُمَّ قَالَ " اللَّهُمَّ هَلْ بَلَغْتُ " . مَرَّتَيْنِ .

বাংলা

৪৫৮৬। আবু বকর ইবনু আবু শায়বা, আমর নাকিদ (রহঃ) ও ইবনু আবু উমার (রহঃ) ... আবু হুমায়দ সাঈদী (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আসাদ গোত্রের জনৈক ব্যক্তিকে কর্মচারী নিযুক্ত করলেন- যাকে ইবনুল লুৎবিয়া নামে অভিহিত করা হতো। রাবী আমর ও ইবনু আবু উমার বলেন, সাদাকা উসুলের জন্য। যখন সে ব্যক্তি ফিরে এলো তখন সে বললো, এটা আপনাদের (অর্থাৎ বায়তুল মালের) এবং ওটা আমাকে উপটোকন হিসেবে দেয়া হয়েছে। রাবী বলেন, তখন রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মিস্বরের উপরে দাঁড়ালেন এবং আল্লাহর প্রশংসা করার পর বললেনঃ সে কর্মচারীর কি হলো, যাকে আমি (তহশীলদার রূপে) প্রেরণ করি, আর সে বলে, ওটা আপনাদের আর এটা আমাকে উপটোকন দেয়া হয়েছে। সে তার পিতার বা মাতার ঘরে বসে থেকে দেখে না কেন যে তাকে উপটোকন দেয়া হয় কিনা? মুহাম্মাদের প্রাণ যে পবিত্র সত্তার হাতে তাঁর কসম! যে কেউ এরূপ সম্পদের কিছুমাত্র হস্তগত করবে, কিয়ামতের দিন তাই সে তার ঘাড়ে বহন করে নিয়ে আসবে (তার ঘাড়ের উপর) চিৎকার রত উট হবে অথবা হাম্বা-হাম্বারত গাভী হবে অথবা ম্যাঁ ম্যাঁরত

বকরী হবে। তারপর তিনি দু'হাত উর্ধ্ব দিকে উঠালেন, এমন কি তার বগলের শুভ্রতা আমাদের দৃষ্টিগোচর হলো। তিনি বললেনঃ হে আল্লাহ! আমি কি (তোমার নির্দেশ) পৌঁছে দিয়েছি একথা তিনি দু'বার বললেন।

English

It has been narrated on the authority of Abu Humaid as-Sa'idi who said: The Messenger of Allah (ﷺ) appointed a man from the Asad tribe who was called Ibn Lutbiyya in charge of Sadaqa (i. e. authorised him to receive Sadaqa from the people on behalf of the State. When he returned (with the collections), he said: This is for you and (this is mine as) it was presented to me as a gift. The narrator said: The Messenger of Allah (may peace be upon him) stood on the pulpit and praised God and extolled Him. Then he said: What about a State official whom I give an assignment and who (comes and) says: This is for you and this has been presented to me as a gift? Why didn't he remain in the house of his father or the house of his mother so that he could observe whether gifts were presented to him or not. By the Being in Whose Hand is the life of Muhammad, any one of you will not take anything from it but will bring it on the Day of Judgment, carrying on his neck a camel that will be growling, or a cow that will be bellowing or an ewe that will be bleating. Then he raised his hands so that we could see the whiteness of his armpits. Then he said twice: O God, I have conveyed (Thy Commandments).

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন □ বর্ণনাকারীঃ আবু হুমায়দ সাঈদ (রাঃ)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=14456>

📖 হাদিসবিড়ির প্রজেক্টে অনুদান দিন